**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ**

**এস,আর,ও নং ১২৪-আইন/২০২২/৭২/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, হাই-টেক পার্কের অভ্যন্তরে Automated Teller Machine (ATM), Close Circuit Camera এবং কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে নিম্নে বিধৃত-

(ক) Automated Teller Machine (ATM), Close Circuit Camera উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে:-

(অ) TABLE-1 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ); এবং

(আ) TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১০% (দশ শতাংশ)-

(খ) কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে TABLE-3 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ);

এর অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর ও, ক্ষেত্রমত, রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE-1**

| Heading | H. S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 39.20 | 3920.49.10 | Printed PVC Sheet |
| 39.26 | 3926.90.99 | A- cover; B- cover; C- cover; D- cover;Back Cover; Side Cover-Left; Side Cover- Right;[For Computer Monitor, Laptop Monitor, Tab, Keyboard, Camera & Mouse |
| 58.06 | 5806.32.90 | SYNTHETIC CLOTH |
| 71.11 | 7111.00.00 | Dome3-PCB Assy shield cover, SUN Shield |
| 72.12 | 7212.20.90 | FRAME |
| 72.26 | 7226.99.90 | Processed plain metal- Alloy Sheet for NBR/DVR Housing; Decoration Steel Sheet for making NBR/DVR Body Casing |
| 73.18 | 7318.15.90 | Screw |
| 74.08 | 7408.11.00 | COIL |
| 84.62 | 8462.90.00 | Turret5-Front Dome-JF, C-2190 466X352X278 Turret 3 1(36), Turret5-Fixing Ring-(STD), Turret5-Rear Dome(3.6mm/6mm)-JF, Back Box (Steel/Plastic), IR board, Front Box, C-3889 111x111x84 dome camera gift, Turret5-Fixing Shell, Enclosure |
| 84.70 | 8470.10.00 | Calculating machines and pocket-size data recording, reproducing and displaying machines with calculating functions; accounting machines, postage-franking machines, ticket-issuing machines and similar machines, incorporating a calculating device, cash registers |
| 84.73 | 8473.30.00 | CCD LENS Module; |
| | 8473.40.00 | ATM parts (Includes EPP/Midbox etc) |
| 85.05 | 8505.19.00 | MAGNET FOR SPEAKER, MAGNET |
| 85.17 | 8517.79.00 | Loaded Printed Circuit Board/ PCB Assembled/ Mother Board for Camera,PCB Assembled/ Mother Board for DVR/NBR |
| 85.18 | 8518.90.00 | PARTS & COMPONENTS FOR SPEAKER, WOOFER, TWEETER, DIAFARM, HORN, NTC,<br>CROSSOVER, FM MOUDLE, BT MOUDLE, SUBWOOFER |
| 85.23 | 8523.59.10 | proximity cards and tags, Proximity Cards and tags |
| 85.36 | 8536.50.00 | 1 Gang switch, 2 Gang Switch, 2 pic socket, 3 Gang switch, 3 pin Socket(13amp), 3 pin Socket(15amp),<br>Calling Bell, Dish Point, DP Switch, Micro |

| | | |
|---|---|---|
| | | Dimmer (2nd Edition), Fan Dimmer, Telephone point, TV point, SWITCHES, TELEPHONE SWITCH, PUSH BUTTON |
| | 8536.49.90 | STEREO AUDIO CONNECTOR, Ribbon connector |
| 85.42 | 8542.31.10 | Processors & controllers, whet. or not comb.logic ckt, a, SIM module |
| 85.43 | 8543.70.10 | REMOTE MEGMEET, ANTENNA, REMOTE |
| | 8543.90.00 | DS-23405 (V3.3)-12(40°)9-S2, DG454-200PC95-JN, SC-PA2×7-JMP, 720P TVI 238E5-EN(4IN1)(3.6mm), EVA-D13x21.5x10, SC-PA2×10-JMP, SC-T1M2×4, ST-S4×13.5-B2×5-F2×5-B, Drill Template |
| 85.44 | 8544.19.90 | Flexible Flat Cable Motherboard to Audio Board; Flexible Flat Cable for power board to motherboard; Flexible Flat Cable Motherboard to audio Board; Ribbon Cables; Low Voltage Serial (LVS) Cable; Power Cord; Speaker Cable; USB Cable; Wire CableFor CCD D-MIC; Wire Cable For Lid,Loaded Printed Circuit Board/PCB Assembled/ Mother Board for Adapter |
| 90.05 | 9005.90.00 | Turret5- Base, Mounting Base |
| 90.06 | 9006.69.00/ 8541.49.00 | LED/ Flash Light, Light Emiting Diodes (LED) |

**TABLE-2**

| Heading | H. S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 32.08 | 3208.90.10 | PAINT |
| 39.23 | 3923.11.00 | PACKING MATERIALS |
| | 3923.21.00 | computer software (Driver CD), PACKING MATERIALS |
| 70.20 | 7020.00.90 | ATM Display |
| 83.03 | 8303.00.00 | ATM Safe (alone) |
| 84.71 | 8471.60.10 | computer and computer accessories, Finger Print and Biometric Scanner |
| | 8471.70.00 | Internal Hard Disk Drive (HDD); Internal Solid State Drive (SSD); |
| | 8471.70.00 | Internal Hard Disk Drive (HDD); Internal Solid State Drive (SSD); |
| | 8471.60.10 | MiCR Cheque Scanner, Biometric Scanner , NFC Scanner, Biometric Scanner |
| 84.72 | 8472.30.00 | Cash Deposit Machine, Cash Deposit Machine |

| | | |
|---|---|---|
| | | (CDM) |
| 84.73 | 8473.30.00 | Fan Module |
| | 8473.40.90 | Safe assembled with Dispenser,Cosmetic Door |
| 85.17 | 8517.62.30 | Modem; Ethernet interface card, Smart router, HSM, Network Equipment (Router , Firewall,Switch etc), Internet point, Network Equipment (Router, Firewall, Switch etc.) |
| 85.21 | 8521.90.10 | DVR (CKD) |
| 85.23 | 8523.29.13 | Other Software for ATM Data Processing machines |
| 85.26 | 8526.91.10 | GPS Vehicle tracking system |
| 85.29 | 8529.90.22 | ASSEMBILING SPARE ITEM |
| 85.42 | 8542.39.10 | SiM Card, 32K Storage Capacity, 64K Storage Capacity, 128K Storage Capacity(native), 64K Storage Capacity(Java), 128K Storage Capacity(Java) |

**TABLE-3**

| **Heading** | **H. S. Code** | **Description** |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 39.26 | 3926.90.99 | Laptop Packaging Mountings |
| 84.14 | 8414.59.90 | Internal Fan/Heat Sink |
| 84.71 | 8471.60.90 | Touch Pad and Sticker |
| 84.73 | 8473.30.00 | Computer/Laptop Motherboard/PCBA/SOC |
| | 8473.30.00 | Shell material (including keyboard) |
| | 8473.30.00 | Memory, SSD, HDD, CPU, WIFI |
| | 8473.30.00 | Shell material, keyboard, Mouse |
| | 8473.30.90 | LCD, HDMI, Ribbon cables |
| | 8473.30.90 | 40 pin fpc |
| 85.18 | 8518.29.00 | Speaker |
| 84.73 | 8473.30.90 | Magnet |
| 85.04 | 8504.40.13 | Power adapter |
| 85.07 | 8507.60.00 | Laptop Battery |
| 85.24 | সংশ্লিষ্ট HS Code | LED/LCD/Touch Panel |
| 85.34 | 8534.10.85 | Printed Circuit Boards (PCB) |
| 85.44 | 8544.49.00 | Touch panel cable, LCD Cable |
| 90.25 | 9025.80.90 | Sensors & Accessories |

## শর্তাবলি

(১) এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধা শুধু সেইসব উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত প্রতিপালনপূর্বক আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ দ্বারা হাই-টেক পার্কের অভ্যন্তরে Automated Teller Machine (ATM),

Close Circuit Camera এবং কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী স্থানীয়ভাবে উৎপাদন বা সংযোজন করিয়া থাকেন।

(২) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন উৎপাদনকারী বা সংযোজনকারী হিসাবে নিবন্ধিত হইতে হইবে।

(৩) পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের নিজস্ব Testing Lab থাকিতে হইবে, অথবা মান নিয়ন্ত্রণের জন্য কোন স্বীকৃত Testing Lab এর সাথে চুক্তিবদ্ধ হইতে হইবে।

(৪) উৎপাদনকারী বা সংযোজনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ আমদানির অনুমোদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর আবেদন করিতে হইবে; আবেদন বিবেচনার ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর প্রতিনিধি, সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের বিভাগীয় কর্মকর্তা এবং হাই-টেক পার্ক কর্তৃপক্ষের একজন প্রতিনিধিসহ সরেজমিন যাচাইপূর্বক সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড বরাবর **''পরিশিষ্ট-১''** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(৫) **''পরিশিষ্ট-১''** অনুযায়ী প্রাপ্ত প্রতিবেদনে প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে; উক্ত অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৬) প্রতি একক Automated Teller Machine (ATM), Close Circuit Camera এবং কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ কি পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **''পরিশিষ্ট-২''** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে; কমিশনার উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন; ''পরিশিষ্ট-২'' এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

(৭) এই প্রজ্ঞাপনে উল্লিখিত উপকরণ **''পরিশিষ্ট-২''** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক হাই-টেক পার্কের Automated Teller Machine (ATM), Close Circuit Camera এবং কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী উৎপাদন করা হইতেছে কিনা উহা সংশ্লিষ্ট ভ্যাট

কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

(৮) আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ, হাই-টেক পার্কের Automated Teller Machine (ATM), Close Circuit Camera এবং কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী উৎপাদন বা সংযোজন ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধ হস্তান্তর করা যাইবে না।

(৯) কোন উৎপাদনকারী বা সংযোজনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেই ক্ষেত্রে তাহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইনের বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। ১৪ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ মোতাবেক ১ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫-২০১৯/ ৪৮/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৯ জুন, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**<u>পরিশিষ্ট-১</u>**

**<u>কারখানা পরিদর্শন প্রতিবেদন</u>**
**[শর্ত (৪) ও (৫) দ্রষ্টব্য]**

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত ------------ খ্রিঃ তারিখ ------------------------ নামীয় হাই-টেক পার্কের Automated Teller Machine (ATM), Close Circuit Camera এবং কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী উৎপাদনকারী বা সংযোজনকারী শিল্প কারখানা সরেজমিন পরিদর্শন করিয়াছি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :

৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :

৪। আয়কর সনদ নম্বর (TIN) :

৫। জমি ও ভবনের বিবরণ :

(ক) জমি ও ভবনের অবস্থান/বিবরণ :

(খ) মোট জমির পরিমাণ :

(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন:

(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :

(ঙ) অফিস ভবনের আয়তন :

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি:

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে হাই-টেক পার্কের অভ্যন্তরে Automated Teller Machine (ATM), Close Circuit Camera এবং কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী উৎপাদন বা সংযোজনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস.আর.ও. নং **১২৪-আইন/২০২২/৭২/কাস্টমস, তারিখ: ১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ** এর অধীন প্রজ্ঞাপনে উলিস্নখিত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল।

| সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার নাম ও স্বাক্ষর | হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রতিনিধির নাম ও স্বাক্ষর | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর প্রতিনিধির নাম ও স্বাক্ষর |
|---|---|---|
| তারিখঃ | তারিখ : | তারিখঃ |

**পরিশিষ্ট-২**
**[শর্ত (৬) ও (৭) দ্রষ্টব্য]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

হাই-টেক পার্কের অভ্যন্তরে Automated Teller Machine (ATM), Close Circuit Camera এবং কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী উৎপাদন বা সংযোজন এর কাজে আবশ্যক পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:

২। ঠিকানা:

৩। মূসক নিবন্ধন নম্বর:

| ক্রম নং | পণ্যের নাম ও এইচ. এস. | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ এর নাম | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণের | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় পণ্য বা যন্ত্রাংশ বা | অপচয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|

| | কোড | | (এইচ.এস. কোডসহ) | প্রতিটির পরিমাণ | উপকরণের প্রতিটির পরিমাণ | |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**